


আশ্রয়ণের অধিকার  
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
আশ্রয়ণ-২ প্রকল্প  
তেজগাঁও, ঢাকা।



www.ashrayanpmo.gov.bd

স্মারক নং- ০৩.০২.০০০০.৭০১.০২.২৪৮.২০-২০২৬

তারিখ : ২৬ ভাদ্র ১৪২৭ বঃ  
০৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০২০-২০২১ অর্থ-বছরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদিত "আশ্রয়ণ-২ (দারিদ্র বিমোচন ও পুনর্বাসন)" শীর্ষক প্রকল্প  
গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৭২১৫২০৬ হতে আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিতদের ঋণ প্রদানকল্পে  
উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ।

মহোদয়,

প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিতদের ক্ষুদ্র ঋণ প্রদানকল্পে আমি আদিষ্ট হয়ে নিম্নোক্ত উপজেলার  
উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে বর্ণিতভাবে মোট ১,২৪,৮০,০০০.০০ (এক কোটি চব্বিশ লক্ষ আশি হাজার) টাকা বরাদ্দ  
করছি। উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অগ্রিম উত্তোলনের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ  
কর্মকর্তাগণের বরাবরে অর্থরীতি প্রেরণের জন্য অনুরোধ করছি।

ক্রঃ নং	জেলার নাম	উপজেলার নাম	প্রকল্পের নাম	নির্মিত বহুতল ভবন সংখ্যা	পুনর্বাসিত পরিবার সংখ্যা	টাকার পরিমাণ
১	কক্সবাজার	সদর	খুরশকুল বিশেষ আশ্রয়ণ প্রকল্প	১৩	৪১৬	১,২৪,৮০,০০০.০০
			মোট	১৩	৪১৬	১,২৪,৮০,০০০.০০

০২। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এ অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে কাজ করবেন।

০৩। ঋণ প্রদান, আদায়, হিসাব সংরক্ষণ ইত্যাদি "আশ্রয়ণ প্রকল্পের ঋণ প্রদান নীতিমালা" মোতাবেক পরিচালনা করতে হবে।

০৪। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত উক্ত অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে।

০৫। "আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের ঋণ তহবিল" শিরোনামে যে কোন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে একটি পৃথক এস,টি,ডি একাউন্ট খুলে  
আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়ন উপজেলা টাঙ্কফোর্সের সভাপতি তথা উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমবায়  
অফিসারের যৌথ স্বাক্ষরে উক্ত অর্থের লেনদেন করতে হবে। এ অর্থ ব্যাংক হিসাবে রেখে ঘূর্ণায়মান তহবিল হিসেবে  
ব্যবহার করতে হবে। এ অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে বিধায় কোনমতেই এ অর্থ ফেরৎ দেয়া যাবে না।

০৬। ২০২০-২০২১ অর্থ বছরের ১ম কিস্তি থেকে ১,২৪,৮০,০০০.০০ (এক কোটি চব্বিশ লক্ষ আশি হাজার) টাকা মাঠ পর্যায়ে  
ক্ষুদ্র ঋণ বিতরণের জন্য এ অর্থ ব্যয় হবে। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

০৭। এ ব্যয় চলতি বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৭২১৫২০৬ "আশ্রয়ণ-২  
প্রকল্প (দারিদ্র বিমোচন ও পুনর্বাসন)" শীর্ষক খাত হতে সংকুলান করা হবে।

০৮। উক্ত টাকা উত্তোলনের পর জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট কোডে হিসাবভুক্ত করতে হবে।

০৯। ০৫ নং অনুচ্ছেদে বর্ণিত ব্যাংক হিসাব খুলে স্বাণের টাকা জমা পূর্বক একটি ব্যাংক বিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

আপনার একান্ত  
(মোঃ সাহিবুল হোসেন)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
৯১২৪১০০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১. নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. অতিরিক্ত-সচিব(বাজেট অনুবিভাগ-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৩. জেলা প্রশাসক, .....
৪. যুগ্ম নিবন্ধক, সমবায় অধিদপ্তর,.....
৫. জেলা সমবায় অফিসার,.....
৬. উপজেলা নির্বাহী অফিসার,.....
৭. জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার, .....
৮. উপজেলা সমবায় অফিসার,.....
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, আশ্রয়ণ-২ প্রকল্প।
১০. অফিস নথি।